

স্মারক সংখ্যা-০৫.৩০.৩৫০০.০১১.৩২.০০৩.১৯- ৭০

তারিখ : ০৮ ফাল্গুন ১৪২৫  
২৬ ফেব্রুয়ারি ২০১৯

### লঞ্চ ও ট্রলার ঘাটের ইজারা বিজ্ঞপ্তি

গোপালগঞ্জ জেলাধীন ৭(সাত) টি লঞ্চ ও ট্রলার ঘাট বাংলা ১৪২৬ সনের জন্য ইজারা দেয়ার নিমিত্ত আশ্রয়ী ব্যক্তিদের নিকট হতে আবদুল খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের ফরম ও তফসিল দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে।

দরপত্রসমূহ তফসিলে বর্ণিত তারিখে বেলা ১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। একই তারিখ দুপুর ১.৩০ টায় টেন্ডার দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

শর্তাবলি :

- ১। দরপত্রে উদ্ধৃত মূল্যের ২৫% (শতকরা ২৫ ভাগ) হারে জেলা প্রশাসকের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত স্বরূপ দরপত্রের সহিত জমা প্রদান করতে হবে।
- ২। কৃতকার্য দরপত্র দাতাকে অবশিষ্ট ৭৫% অর্থ দরপত্র গৃহিত হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। উক্ত ডাকের টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে দরপত্র বাতিল এবং জামানতকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ৩। ০১ (এক) বছরের সমুদয় টাকা জমা প্রদান করে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদনের পর লঞ্চ ও ট্রলার ঘাটের দখল হস্তান্তর করা হবে। চুক্তিপত্র ব্যতিরেকে কাউকে লঞ্চ ও ট্রলার ঘাটের দখল হস্তান্তর করা হবে না।
- ৪। ইজারা গ্রহিতা লঞ্চ ও ট্রলার ঘাটের পরিসীমা বজায় রাখবেন এবং তা সংরক্ষণ করবেন। কেউ যাতে এই লঞ্চ ও ট্রলার ঘাটের মধ্যে অবৈধ অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা নিশ্চিত করবেন।
- ৫। ইজারা গ্রহিতা কালেক্টর কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত সকল আইনানুগ আদেশ নির্দেশ পালনে বাধ্য থাকবেন।
- ৬। ইজারা গ্রহিতা লঞ্চ ও ট্রলার ঘাট অন্য কাউকে সাবলিজ প্রদান করতে পারবেন না। সাবলিজ প্রদান করা হলে ইজারা তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।
- ৭। অস্পষ্ট, অসম্পূর্ণ বা কোন রূপ ঘষামাজা করা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৮। জেলা দরপত্র কমিটি যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। দরপত্র দাতাকে লঞ্চ ও ট্রলার ঘাটের নাম খামের উপরে স্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে।
- ১০। উদ্ধৃত মূল্যের আয়কর ও ভ্যাট বিধি মোতাবেক ইজারা গ্রহিতা পরিশোধ করবেন।
- ১১। কবুলিয়ার সম্পাদনের যাবতীয় খরচ ইজারা গ্রহিতাকে বহন করতে হবে।

### সময়সূচি :

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	১৯/০২/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২০/০২/২০১৯ দুপুর ১.০০ টা পর্যন্ত	২০/০২/২০১৯ দুপুর ১.৩০ টা
২য় পর্যায়	২৭/০২/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৮/০২/২০১৯ দুপুর ১.০০ টা পর্যন্ত	২৮/০৩/২০১৯ দুপুর ১.৩০ টা
৩য় পর্যায়	১০/০৩/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১১/০৩/২০১৯ দুপুর ১.০০ টা পর্যন্ত	১১/০৩/২০১৯ দুপুর ১.৩০ টা
৪র্থ পর্যায়	১৮/০৩/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৯/০৩/২০১৯ দুপুর ১.০০ টা পর্যন্ত	১৯/০৩/২০১৯ দুপুর ১.৩০ টা
৫ম পর্যায়	২৭/০৩/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৮/০৩/২০১৯ দুপুর ১.০০ টা পর্যন্ত	২৮/০৩/২০১৯ দুপুর ১.৩০ টা
৬ষ্ঠ পর্যায়	০৭/০৪/২০১৯ অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৮/০৪/২০১৯ দুপুর ১.০০ টা পর্যন্ত	০৮/০৪/২০১৯ দুপুর ১.৩০ টা

চলমান পাতা-২-

লঞ্চ ও ট্রলার ঘাটের তালিকা :  
গোপালগঞ্জ সদর উপজেলা

ক্রমিক নং	লঞ্চ ও ট্রলার ঘাটের নাম	১৪২৬ সম্ভাব্য ইজারা মূল্য	দরপত্রের মূল্য
১।	সাতপাড় লঞ্চ ও ট্রলার ঘাট	১,০৭,২৮৭/-	৩০০/-
২।	ভেড়ার হাট লঞ্চ ও ট্রলার ঘাট	৯৫,৫১৮/-	২০০/-
৩।	বৌলতলী লঞ্চ ও ট্রলার ঘাট	২৫,২২৮/-	২০০/-

মুকসুদপুর উপজেলা

ক্রমিক নং	লঞ্চ ও ট্রলার ঘাটের নাম	১৪২৬ সম্ভাব্য ইজারা মূল্য	দরপত্রের মূল্য
৪।	টেকের হাট লঞ্চ ও ট্রলার ঘাট	২,৫৪,২১০/-	৪০০/-
৫।	উজানী লঞ্চ ও ট্রলার ঘাট	৪৭,৭২৩/-	২০০/-
৬।	মহারাজপুর লঞ্চ ও ট্রলার ঘাট	১,৪৫,৭৫০/-	৩০০/-

কোটালীপাড়া উপজেলা

ক্রমিক নং	লঞ্চ ও ট্রলার ঘাটের নাম	১৪২৬ সম্ভাব্য ইজারা মূল্য	দরপত্রের মূল্য
৭।	ঘাঘর লঞ্চ ও ট্রলার ঘাট	৭২,০৫০/-	২০০/-

(মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার)  
জেলা প্রশাসক  
গোপালগঞ্জ।

ফোন-৬৬৮৫৫২১ (অফিস)

E-mail: dcgopalganj@mopa.gov.bd

তারিখ : ফাল্গুন, ১৪২৫  
ফেব্রুয়ারি, ২০১৯

স্মারক সংখ্যা-০৫.৩০.৩৫০০.০১১.৩২.০০৩.০০৩.১৯-

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), -----বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৩। সহকারী কমিশনার(ভূমি)(সকল)-----বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৪। জেলা তথ্য অফিসার, গোপালগঞ্জ। মাইকযোগে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ,-----। তার ইউনিয়নের হাট-বাজারে ঢোল সহরত করে বিষয়টি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,----- ইউনিয়ন ভূমি অফিস,-----। তাকে বিষয়টি ঢোল সহরত করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৭। নোটিশ বোর্ড।

৮। -----  
----- গোপালগঞ্জ।

জেলা প্রশাসক  
গোপালগঞ্জ।